

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
ওয়েব সাইট : www. techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তিঃ/২০১২/২০১১/১৫১০

তারিখ : ২০/১১/২০১৬ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে গত ১৩/১১/২০১৬ খ্রিঃ তারিখ খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজের নবম শ্রেণী বোর্ড ফাইনাল পরীক্ষা সংক্রান্ত তথ্যের জন্য অধিদপ্তরের কন্ট্রোল রুম হতে ফোন করা হয়। এতে পরিলক্ষিত হয়, তিনি(জনাব নূরুল হাকিম) গত ০৯/১১/২০১৬ খ্রিঃ তারিখ হতে ১৫/১১/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ৭(সাত) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। নিম্নস্বাক্ষরকারীর সাথে টেলিফোনিক আলাপে তিনি অনুপস্থিত থাকার বিষয়টি স্বীকার করেন। ইতোপূর্বে গত ১০/১০/২০১৬ খ্রিঃ তারিখে টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তিঃ/২০১২/২০১১/১৩৩৭ স্মারকমূলে পূর্বেও তাঁর অনুপস্থিতির কারণে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে কারণ দর্শানো হয়। জবাবে তিনি ক্ষমা প্রার্থনা করায় গত ০৭/১১/২০১৬ খ্রিঃ তারিখে টিএসসি/ভোক/অধ্যক্ষ/ব্যক্তিঃ/২০১২/২০১১/১৫১০ স্মারকমূলে তাকে তিরস্কার প্রদান এবং সতর্ক করা হয়।

২। তাকে একবার সতর্ক করার পরও তিনি পুনরায় উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনানুমতিতে গত ০৯/১১/২০১৬ খ্রিঃ তারিখ হতে ১৫/১১/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ৭(সাত) দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন।

এমতাবস্থায়, কেন গণকর্মচারী শৃঙ্খলা(নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ এর ৪ ধারা অনুযায়ী তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৬(এ) অনুযায়ী বর্ণিত বিষয়ে তাকে পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

পরিচালক(ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

জনাব নূরুল হাকিম

পিআইএমএস আইডি নং-৬৪৬৫৫০০৩২৭

অধ্যক্ষ

খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল ও কলেজ

খাগড়াছড়ি।

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি।